

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা মন্ত্রণালয়

পরিকল্পনা বিভাগ

সমন্বয় অধিশাখা

[www.plandiv.gov.bd](http://www.plandiv.gov.bd)

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর দপ্তর পরিকল্পনা বিভাগ
ডায়েরী নং. ২২৬ তারিখ: ১৫/৩/১৮
সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল
প্রোগ্রামার
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
সহকারী প্রোগ্রামার-১
সহকারী প্রোগ্রামার-২
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
ব্যক্তিগত কর্মকর্তা

মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভার তারিখ ও সময়ঃ ১৬ এপ্রিল, ২০১৮ খ্রিঃ, সকাল ১০:০০ ঘটিকা

স্থানঃ এনইসি ১নং কমিটি কক্ষ, পরিকল্পনা বিভাগ।

সভাপতিঃ মোঃ জিয়াউল ইসলাম, সচিব  
পরিকল্পনা বিভাগ।

- সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-ক।
- সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (সমন্বয়) বিগত ২১-০৩-২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করেন। কার্যবিবরণীর কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে গৃহীত হয়। অতঃপর কার্যপত্র অনুসারে বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ
- পরিকল্পনা কমিশনের বিভিন্ন সেক্টর/বিভাগের অননুমোদিত প্রকল্প প্রক্রিয়াকরণের মাসিক প্রতিবেদন, (মার্চ, ২০১৮ মাসের) অননুমোদিত প্রকল্প প্রক্রিয়াকরণের মাসিক প্রতিবেদন ছক- 'ক':

সেক্টর/বিভাগ	গত মাসের জের		চলতি মাসে প্রাপ্ত		চলতি মাসে পিইসি/এসপিইসি হয়েছে		চলতি মাসে প্রক্রিয়াকরণ সম্পন্ন		মাস শেষে অবশিষ্ট	
	নতুন অনুমোদিত প্রকল্প	সংশোধিত অনুমোদিত প্রকল্প	নতুন অনুমোদিত প্রকল্প	সংশোধিত অনুমোদিত প্রকল্প	নতুন অনুমোদিত প্রকল্প	সংশোধিত অনুমোদিত প্রকল্প	নতুন অনুমোদিত প্রকল্প	সংশোধিত অনুমোদিত প্রকল্প	নতুন অনুমোদিত প্রকল্প	সংশোধিত অনুমোদিত প্রকল্প
ভৌত অবকাঠামো বিভাগ	২৩	৭	২৬	৩	১২	৪	১৫	৬	৩৪	৪
কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ	৩৫	৭	২৩	৪	৫	৩	৬	৩	৫২	৮
আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ	১৪	৭	২০	৯	১৩	০	২০	৫	১৪	১১
শিল্প ও শক্তি বিভাগ	১৭	৭	৯	৭	৮	৪	৯	৬	১৭	৮
মোটঃ	৮৯	২৮	৭৮	২৩	৩৮	১১	৫০	২০	১১৭	৩১

৩.২. ২০১৭-১৮ আরএডিপিতে অতর্ভুক্ত অননুমোদিত নতুন প্রকল্প দলিল প্রক্রিয়াকরণ ছক- 'খ':

সেক্টর/বিভাগ	২০১৭-১৮ আরএডিপিতে অতর্ভুক্ত অননুমোদিত প্রকল্পের সংখ্যা	২০১৭-১৮ আরএডিপি তে অতর্ভুক্ত প্রকল্পের মধ্যে এ পর্যন্ত অননুমোদিত প্রকল্প সংখ্যা		অতর্ভুক্ত নতুন প্রকল্প			চলতি মাসে প্রক্রিয়াকরণ (মার্চ, ২০১৮ মাসের)				
		একনেক কর্তৃক	মন্ত্রী মহোদয় কর্তৃক	গত মাসের জের	চলতি মাসে প্রাপ্ত	চলতি মাসে পিইসি/এসপি ইসি সম্পন্ন	ইআরডিতে প্রেরণ	মন্ত্রণালয়ে প্রেরণ	একনেক প্রেরণ	মন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদন	মোট
ভৌত অবকাঠামো বিভাগ	৪৮২	৭৩	১৯	১৬	২০	১২	০	৬	১৩	২	২১
কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ	২৩৯	২৩	৯	৩৬	২৩	৪	০	৮	৩	২	১৩
আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ	২৮৮	২৯	৩২	১৪	২১	১৭	১	১১	৫	৫	২২
শিল্প ও শক্তি বিভাগ	৭৪	২	১	১১	৯	৭	০	৭	১	০	৮
মোটঃ	১০৮৩	১২৭	৬১	৭৭	৭৩	৪০	১	৩২	২২	৯	৬৪

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৩.৩ ২০১৭-১৮ আরএডিপিতে অন্তর্ভুক্ত অননুমোদিত নতুন প্রকল্প বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে দলিল প্রক্রিয়াকরণ ছক- 'গ':

সেক্টর/বিভাগ	২০১৭-১৮ আরএডিপিতে অন্তর্ভুক্ত অননুমোদিত প্রকল্পের (বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে) সংখ্যা	২০১৭-১৮ আরএডিপিতে অন্তর্ভুক্ত (বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে) প্রকল্পের মধ্যে এ পর্যন্ত অননুমোদিত প্রকল্প সংখ্যা		আরএডিপিতে অন্তর্ভুক্ত নতুন অননুমোদিত প্রকল্প (বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে)			চলতি মাসে প্রক্রিয়াকরণ (মার্চ, ২০১৭ মাসের)				
		একনেকে কর্তৃক	মন্ত্রী মহোদয় কর্তৃক	গত মাসের জের	চলতি মাসে প্রাপ্ত	চলতি মাসে পিইসি/এসপিইসি সম্পন্ন	ইআরডিতে প্রেরণ	মন্ত্রণালয়ে প্রেরণ	একনেকে প্রেরণ	মন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদন	মোট
ভৌত অবকাঠামো বিভাগ	১৪২	৩	০	১	০	০	০	০	০	০	০
কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ	৫৫	১	০	২	০	০	০	০	০	০	০
আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ	৫৪	৩	৫	০	১	০	০	০	০	০	০
শিল্প ও শক্তি বিভাগ	২৯	০	২	২	০	০	০	০	০	২	২
মোটঃ	২৮০	৭	৭	৫	১	০	০	০	০	২	২

৪.০ শূন্য পদ পূরণ সংক্রান্ত আলোচনাঃ

আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
<p>পরিকল্পনা বিভাগের শূন্য পদ পূরণ সংক্রান্ত আলোচনায় যুগ্মসচিব (প্রশাসন) জানান যে, পরিকল্পনা বিভাগের ৩য় শ্রেণীর ৪৭টি এবং ৪র্থ শ্রেণীর ১৬টি শূন্য পদে নিয়োগের নিমিত্ত বিভাগীয় নির্বাচন কমিটি (DPC) গঠন করা হয়েছে। অচিরেই এ কমিটির সভা আহ্বান করা হবে। বর্তমানে কোটা সংক্রান্ত প্রজ্ঞাপন জারী না হওয়ায় কোটার বিষয়টি নিয়োগ কার্যক্রমকে বাধাগ্রস্ত করতে পারে বলে তিনি আশংকা প্রকাশ করেন। সভাপতি বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রী মহান সংসদে ঘোষণা দেওয়ার পর হতেই কোটার বিষয়টি বাদ হয়ে গেছে। তাই কোটা সংক্রান্ত বিষয়টির জন্য অপেক্ষা করে নিয়োগ কার্যক্রম বিলম্বিত করা সমীচীন হবে না। তাছাড়া নিয়োগ বিজ্ঞপ্তিতে কোটা সংক্রান্ত সরকারি আদেশ প্রতিপালন করা হবে মর্মে উল্লেখ করে দেওয়া যেতে পারে। তাহলে হয়তো আর সমস্যা হবে না। সভাপতির বক্তব্যে সভায় একমত পোষণ করা হয়।</p> <p>NAPD এর প্রতিনিধি সভাকে জানান যে, ৪টি ক্যাটাগরির ৬টি পদে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। আবেদন প্রাপ্তির পর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।</p> <p>BIDS -এর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, ৩য় ও ৪র্থ শ্রেণীর বিভিন্ন ক্যাটাগরির মৌখিক পরীক্ষা গত ১২/০৪/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে। চলতি মাসেই নিয়োগ কার্যক্রম সম্পন্ন হবে মর্মে তিনি সভাকে জানান।</p>	<p>পরিকল্পনা বিভাগের শূন্য পদের দ্রুত নিয়োগ সম্পন্ন করতে হবে। নিয়োগ বিজ্ঞপ্তিতে কোটা সংক্রান্ত সরকারি আদেশ প্রতিপালন করা হবে মর্মে উল্লেখ করে দিতে হবে।</p> <p>NAPD ও BIDS এর চলমান নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।</p>	<p>মহাপরিচালক এনএপিডি/বিআইডিএস, অতিরিক্ত সচিব-১ পরিকল্পনা বিভাগ এবং যুগ্মসচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ</p>

## ৫.০ অডিট আপত্তি সংক্রান্ত তথ্যাদিঃ

মন্ত্রণালয় /সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়কারী কর্তৃপক্ষ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
পরিকল্পনা বিভাগ	০৮	২১.১৯	অতিরিক্ত সচিব (বাজেট) সভাকে জানান যে, পরিকল্পনা বিভাগের অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৮ এবং জড়িত টাকার পরিমাণ ২০.১৯লক্ষ টাকা। অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ নিয়ে দ্বি-পক্ষীয় সভা আহবানের লক্ষ্যে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের নিকট সুবিধাজনক সময় চেয়ে পত্র প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে হিসাবরক্ষণ কর্মকর্তা (চলতি দায়িত্ব) বলেন যে, গত ১৫/০৪/২০১৭ তারিখে টেলিফোন মারফত স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরে যোগাযোগ করা হলে আজ ১৬/০৪/২০১৮ তারিখ যোগাযোগ করার জন্য বলা হয়েছে। স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর হতে সুবিধাজনক সময় জানার পর সভার তারিখ নির্ধারিত হবে। উক্ত সভার মাধ্যমে অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহের মধ্যে ২/১টি আপত্তি নিষ্পত্তি হতে পারে মর্মে তিনি সভাকে জানান।	স্থানীয় রাজস্ব অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ করে দ্বি পক্ষীয় সভা আহবান করতে হবে। সভায় অনিষ্পন্ন আপত্তিসমূহ যথাসম্ভব নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অতিরিক্ত সচিব (বাজেট) পরিকল্পনা বিভাগ
পরিকল্পনা বিভাগ-এর আওতাধীন প্রকল্পসমূহ	৩৮	FAPAD হতে টাকার পরিমাণ জানা যায়নি।	উপপ্রধান (পরিকল্পনা শাখা) সভাকে অবহিত করেন যে, পরিকল্পনা বিভাগ/কমিশনের সমাপ্ত প্রকল্পসমূহের অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ২৮টি। আপত্তিতে কেবল প্রকল্পের নাম লেখা আছে কোন সেক্টর/ডিভিশনের তা উল্লেখ নাই। এই অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির নিমিত্ত অতিরিক্ত সচিব -১ এর সভাপতিত্বে একটি সভা করা হয়। সভার সিদ্ধান্ত মোতাবেক আপত্তিসমূহ সকল সেক্টর/ডিভিশনে প্রেরণ করা হয়। কিন্তু সেক্টর/ডিভিশন হতে আশারূপ সাড়া পাওয়া যাচ্ছে না। কেবল আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ হতে তথ্যাদি পাওয়া গেলেও অন্যান্য বিভাগ হতে কোন তথ্য পাওয়া যায়নি। সাধারণ অর্থনীতি বিভাগের যুগ্মপ্রধান (সমন্বয়) বলেন যে, এই প্রকল্পগুলো অনেক পূর্বে সমাপ্ত হওয়ায় এ সংক্রান্ত কোন তথ্য পাওয়া যাচ্ছে না। সভায় বেশ কয়েকজন কর্মকর্তা একই মতব্য করেন। সভাপতি বলেন যে, কষ্ট করে হলেও অডিট আপত্তি সংক্রান্ত প্রকল্পের তথ্যাদি সংগ্রহ করতে হবে। যে সকল প্রকল্পের তথ্যাদি আগে পাওয়া গিয়েছে সেগুলো নিয়ে অনিষ্পন্ন অডিটসমূহ নিষ্পত্তির জন্য তিনি অনুরোধ করেন।	যেসকল সমাপ্ত প্রকল্পের অনিষ্পন্ন অডিট আপত্তির তথ্যাদি আগে পাওয়া যাবে তা নিয়ে সভা আহবান করে আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে। প্রকল্প সংক্রান্ত তথ্যাদি সংগ্রহের চেষ্টা অব্যাহত রাখতে হবে।	প্রধান (সকল) পরিকল্পনা কমিশন এবং উপপ্রধান পরিকল্পনা শাখা
বিআইডিএস	৩৮	৩৫০.৪৭	বিআইডিএস-এর প্রতিনিধি সভাকে জানান যে, আগামী সপ্তাহে ১৩টি অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তি হবে যেখানে জড়িত টাকার পরিমাণ ১ কোটি ২৭ লক্ষ টাকা।	অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মহাপরিচালক বিআইডিএস

মন্ত্রণালয় /সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়কারী কর্তৃপক্ষ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
এনএপিডি	০৩	৬.৯৭	NAPD এর প্রতিনিধি সভাকে জানান যে, উক্ত প্রতিষ্ঠানের আরও একটি অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে। সভাপতি এ সংক্রান্ত তথ্য এ বিভাগে প্রেরণ করা হয়েছে কি না জনতে চাইলে তিনি বলেন যে, NAPD স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর থেকে পত্র সংগ্রহ করেছে। এ বিভাগ তথ্য পেয়েছে কিনা তা তার জানা নাই। এ বিষয়টি আপডেট করার জন্য অনুরোধ করা হয়। প্রাপ্ত পত্রের ভিত্তিতে আপডেট করা হবে।	অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে অডিট নিষ্পত্তির তথ্য পরিকল্পনা বিভাগে প্রেরণ করতে হবে।	মহাপরিচালক এনএপিডি

৬.০ শাখা ভিত্তিক অনিষ্পন্ন কাজসমূহ পর্যালোচনাঃ

আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
যুগ্মসচিব (সমন্বয়) বলেন যে, পরিকল্পনা বিভাগ এবং কমিশনে কোন কাজ দীর্ঘ দিন ধরে পেত্তিং নেই।	শাখা ভিত্তিক অনিষ্পন্ন কাজসমূহের তালিকা প্রতি মাসের ০৩ তারিখের মধ্যে সমন্বয় অধিশাখায় প্রেরণ করতে হবে।	পরিকল্পনা বিভাগ/কমিশনের সকল শাখা/অধিশাখা

৭.০ ই-ফাইলিং সংক্রান্ত পর্যালোচনাঃ

আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
<p>সিনিয়র সিস্টেম এনালিস্ট সভাকে জানান যে, পরিকল্পনা বিভাগ মার্চ ১-৩১ তারিখের ই-ফাইলিং এ সকল মন্ত্রণালয়/বিভাগসমূহের মধ্যে ১৩তম ছিল। গত ফেব্রুয়ারি, ২০১৮ মাসে পরিকল্পনা বিভাগের অবস্থান ছিল ১৮তম। আগের চেয়ে ই-ফাইলিং গতি বৃদ্ধি পেয়েছে। তিনি পরিকল্পনা কমিশনের ই-ফাইলিং এর অবস্থা প্রসঙ্গে বলেন যে, পরিকল্পনা কমিশনের বিভিন্ন সেক্টর/ডিভিশনে ই-নথির মাধ্যমে নথি উপস্থাপন করা হলেও সেটি মার পথে আটকে যাচ্ছে। ফলে নথি নিষ্পত্তি হচ্ছে না। এ বিষয়ে তিনি উর্ধ্বতন কর্মকর্তার নির্দেশনা প্রদানের জন্য সভাপতিকে অনুরোধ করেন।</p> <p>সভাপতি বলেন যে, পরিকল্পনা বিভাগে ই-ফাইলিং এ আরো বেশি নথি উপস্থাপন করতে হবে। তাছাড়া পরিকল্পনা কমিশনের সেক্টর/ডিভিশনের প্রধানগণকে ই-ফাইলিং এ সকল ডাক আপলোড এবং ই-নথি ব্যবস্থাপনায় মনোযোগী হতে হবে।</p> <p>ইন্টারনেটের গতি বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় জানা যায় যে, পরিকল্পনা কমিশন চত্বরের BTCL হতে ইন্টারনেট সংযোগ গ্রহণ করা হয়েছে। পূর্বে ১২০ এমবিপিএস ব্যান্ডউইথ সংযোগ নেওয়া হলেও বর্তমানে তা বৃদ্ধি করে ২৪০ এমবিপিএস ব্যান্ডউইথ করা হলে গতি বাড়ছে না। সিনিয়র সিস্টেম এনালিস্ট বলেন যে, অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ন্যায় পরিকল্পনা বিভাগেও বেসরকারি প্রতিষ্ঠান হতে একটি বিকল্প ইন্টারনেট সংযোগ নেওয়ার জন্য সাধারণ অধিশাখা-২ কে পত্র দেওয়া হলেও এখন সংযোগ নেওয়া হয়নি। এ বিষয়ে সাধারণ অধিশাখা-২ এর উপসচিব সভাকে জানান যে, নীতিমালা অনুযায়ী বেসরকারি প্রতিষ্ঠান হতে ইন্টারনেট সংযোগ নিতে হলে BTCL হতে লিখিত সম্মতি আনতে হবে।</p> <p>সভাপতি বলেন যে, BTCL যেহেতু কাঙ্ক্ষিতমাত্রায় ইন্টারনেট গতি দিতে পারছে না এবং সরকারি কাজ বাধাগ্রস্ত হচ্ছে। তাই BTCL এর সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় লিখিত সম্মতি সংগ্রহপূর্বক উক্ত চত্বরে একটি বেসরকারি প্রতিষ্ঠান হতে ইন্টারনেট সংযোগ গ্রহণ করা হতে পারে।</p>	<p>পরিকল্পনা বিভাগে ই-ফাইলিং এ আরো বেশি নথি উপস্থাপন করতে হবে। তাছাড়া পরিকল্পনা কমিশনের সেক্টর/ডিভিশনের প্রধানগণ ই-ফাইলিং এ সকল ডাক আপলোড এবং ই-নথি ব্যবস্থাপনায় মনোযোগী হতে হবে।</p> <p>BTCL এর সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় লিখিত সংগ্রহপূর্বক উক্ত চত্বরে একটি বেসরকারি প্রতিষ্ঠান হতে ইন্টারনেট সংযোগ গ্রহণের পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p>	<p>সকল শাখা/অধিশাখা/সেল/অনুবিভাগ পরিকল্পনা বিভাগ/কমিশন।</p> <p>উপসচিব (সাঃ অঃ-২) পরিকল্পনা বিভাগ।</p>

## ৮.০ বিভাগীয় মামলা সংক্রান্ত পর্যালোচনাঃ

আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
পরিকল্পনা বিভাগের প্রশাসন অধিশাখা-১ এ ৩টি এবং প্রশাসন শাখা-২ এ ১টি এবং প্রশাসন অধিশাখা-৪ এ ১টি বিভাগীয় মামলা চালু আছে।	বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে।	যুগ্ম-সচিব (প্রশাসন) এবং যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা-৪) পরিকল্পনা বিভাগ।

## ৯.০ অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত তথ্যাদিঃ

আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
পরিকল্পনা বিভাগের যুগ্মসচিব (সমন্বয়) সভাকে অবহিত করেন যে, অত্র বিভাগে কোন অভিযোগ পাওয়া যায়নি। তাছাড়া আওতাধীন সংস্থা হতেও অভিযোগ সংক্রান্ত তথ্য পাওয়া যায়নি।	কোন অভিযোগ পাওয়া গেলে তা নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মহাপরিচালক, এনএপিডি/বিআইডিএস ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা পরিকল্পনা বিভাগ

## ১০.০ বিবিধঃ

আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
<b>১০.১ Project Planning System (PPS) – Software ব্যবহার করে প্রকল্প দলিল দাখিল সংক্রান্ত আলোচনাঃ</b>		
Project Planning System (PPS) – Software প্রসঙ্গে IDE প্রকল্পের প্রকল্প পরিচালক বলেন যে, স্থানীয় সরকার বিভাগের প্রকল্পসমূহের সাথে পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগ, কৃষি পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ এবং আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ জড়িত। কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ PPS – Software ব্যবহার করে প্রকল্প প্রস্তাব প্রেরণের জন্য স্থানীয় সরকার বিভাগকে পত্র দিয়েছে। তিনি অন্যান্য বিভাগের প্রতিনিধিকে তাঁর বিভাগের সাথে সংশ্লিষ্ট স্থানীয় সরকার বিভাগের প্রকল্পসমূহ PPS – Software ব্যবহার করে প্রেরণের জন্য অনুরোধ করে পত্র দেওয়ার অনুরোধ করেন।	স্থানীয় সরকার বিভাগকে PPS Software ব্যবহার করে প্রকল্প দলিল দাখিলের জন্য পত্র দিতে হবে অথবা তাগিদ দিতে হবে।	প্রধান ভৌত অবকাঠামো বিভাগ/আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ/কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ পরিকল্পনা কমিশন, এবং প্রকল্প পরিচালক IDE প্রকল্প পরিকল্পনা বিভাগ।
<b>১০.২ নতুন পদ সৃজন সম্পর্কিত আলোচনাঃ</b>		
যুগ্মসচিব (প্রশাসন) বলেন যে, পরিকল্পনা বিভাগ এবং পরিকল্পনা কমিশনের নতুন পদ সৃজনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার প্রেক্ষিতে কতিপয় বিষয়ের উপর query দেওয়া হয়েছে। চাহিত তথ্যাদি প্রস্তুত করে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। তিনি সভাকে অবহিত করেন যে নতুন পদ সৃজন সংক্রান্ত যে কমিটি গঠন করা হয়েছিল এবং আবার তা বিলুপ্ত করা হয়েছে। তাই পূর্বের মত প্রস্তাব প্রথমে জনপ্রশাসন মন্ত্রণালয়ে এবং পরে অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।	জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা তথ্যাদি দ্রুত প্রেরণ করে নতুন পদ সৃজনের কার্যক্রমটি সম্পন্ন করতে হবে।	যুগ্মসচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ

১০.৩ পরিকল্পনা কমিশন চত্বরে সোনালী ব্যাংক লিঃ এর শাখা খোলা সংক্রান্ত আলোচনাঃ		
যুগ্মসচিব (সমন্বয়) বলেন যে, পরিকল্পনা কমিশন চত্বরে সোনালী ব্যাংক লিঃ এর একটি শাখা খোলার অনুমতি চেয়ে সোনালী ব্যাংক লিমিটেডের পক্ষে থেকে পত্র পাওয়া গিয়েছে। এ চত্বরে সোনালী ব্যাংক খোলার প্রয়োজনীয়তা আছে কিনা তা জানা প্রয়োজন। সভায় উপস্থিত সকলেই প্রয়োজনীয়তা নেই মর্মে মত প্রকাশ করেন। তবে ATM বুথ করার ক্ষেত্রে আগ্রহ প্রকাশ করেন। সেক্ষেত্রে কোন কোন ব্যাংকের কার্ড ব্যবহার করে টাকা উত্তোলন করা যাবে তা জানার জন্য সভা থেকে অনুরোধ করা হয়। যুগ্মসচিব (প্রশাসন) বলেন যে, তিনি এ বিষয়ে তথ্যাদি সংগ্রহ করবেন।	পরিকল্পনা কমিশন চত্বরে সোনালী ব্যাংক লিমিটেড এর ATM বুথ স্থাপন করলে কোন কোন ব্যাংকের ATM কার্ড ব্যবহার করে টাকা উত্তোলন করা যাবে তা জানতে হবে।	যুগ্মসচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ
১০.৪ Adult site বন্ধকরণ সংক্রান্ত আলোচনাঃ		
অফিস চলাকালীন সময়ে কম্পিউটারে Adult site ব্যবহার করা থেকে বিরত রাখার জন্য সকল Adult site সমূহ বন্ধ করার জন্য সভা হতে আইসিটি সেল -কে অনুরোধ করা হয়।	অফিস চলাকালীন সময়ে কম্পিউটারে Adult site ব্যবহার করা থেকে বিরত রাখার জন্য সকল Adult site সমূহ বন্ধ করে দিতে হবে।	সিনিয়র সিস্টেম এনালিস্ট আইসিটি সেল পরিকল্পনা বিভাগ।
১০.৫ বৈদেশিক প্রশিক্ষণে গমনকারী কর্মকর্তার প্রশিক্ষণলব্ধ অভিজ্ঞতা মাসিক সমন্বয় সভায় উপস্থাপন সংক্রান্ত আলোচনাঃ		
সভাপতি বলেন যে, পরিকল্পনা বিভাগ হতে জারীকৃত জি. ও এর মাধ্যমে বৈদেশিক প্রশিক্ষণে অংশ গ্রহণকারী কর্মকর্তাগণ প্রশিক্ষণ সমাপ্তির পরবর্তী মাসের সমন্বয় সভায় একটি ৫/৬ মিনিটের উপস্থাপনা পেশ করার কথা থাকলেও তা নিয়মিতভাবে হচ্ছে না। তাই তিনি পিটি শাখার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাকে বিদেশ গমনকারী কোন দল সমন্বয় সভায় উপস্থাপনা করবে তা জানিয়ে সমন্বয় অধিশাখায় পত্র প্রেরণের অনুরোধ করেন।	সমন্বয় সভায় কোন বিদেশগামী প্রতিনিধি দল ৫/৬ মিনিটের উপস্থাপনা করবে তার নাম, বিষয় তথ্যাদি জানিয়ে সমন্বয় অধিশাখায় পত্র দিতে হবে এবং এ বিষয়ে প্রত্নুতি নিয়ে আসার জন্য সংশ্লিষ্ট গুপকে বলে দিতে হবে।	উপসচিব (পিটি) পরিকল্পনা বিভাগ।

১১.০ আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/- ২৩-০৪-২০১৮ খ্রিঃ  
(নোঃ জিয়াউল ইসলাম)  
সচিব  
পরিকল্পনা বিভাগ, ঢাকা।


নং- ২০.০০.০০০০.৩৩২.০৬.০৫৩.১১-(অংশ-১)- ১৮২

তারিখঃ ১১ বৈশাখ, ১৪২৫ বঙ্গাব্দ  
২৪ এপ্রিল, ২০১৮ খ্রিষ্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, নীলক্ষেত্র, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৩. প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, ই-১৭, আগারগাঁও, ঢাকা।
৫. যুগ্মসচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৬. যুগ্মপ্রধান (সকল), পরিকল্পনা বিভাগ/ পরিকল্পনা কমিশন, ঢাকা।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৮. উপসচিব (সকল) পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।

৯. উপপ্রধান, একনেক/পরিকল্পনা শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১০. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা
১১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা ( Website এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ)
১২. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, সচিবালয় ডবল ফেজ-৩, সেগুনবাগিচা, ঢাকা।
১৩. নির্বাহী প্রকৌশলী ইএম বিভাগ-৭ গণপূর্ত বিভাগ/নির্বাহী প্রকৌশলী গণপূর্ত উপ-বিভাগ-২, শেরেবাংলা নগর, ঢাকা।
১৪. সিনিয়র সহকারী সচিব (সকল)/ সহকারী সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৫. সচিব মহোদয়ের একান্ত সচিব/সদস্য মহোদয়ের একান্ত সচিব (সকল), পরিকল্পনা বিভাগ/পরিকল্পনা কমিশন, ঢাকা।
১৬. সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৭. উপ-বিভাগীয় প্রকৌশলী (গণপূর্ত উপ-বিভাগ-৩/ ইএম উপ-বিভাগ-১৪), শেরেবাংলা নগর, ঢাকা।
১৮. উপ-বিভাগীয় কর্মকর্তা, আরবরিকালচার, গণপূর্ত উপ-বিভাগ, আসাদগেট, শেরেবাংলা নগর, ঢাকা।
১৯. সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২০. জনসংযোগ কর্মকর্তা, মাননীয় মন্ত্রীর দপ্তর, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
২১. প্রোগ্রামার/মেইনটেইন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২২. বাজেট অফিসার/হিসাবরক্ষণ কর্মকর্তা/লাইব্রেরী অফিসার/গবেষণা কর্মকর্তা (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২৩. সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২৪. উপ-সহকারী প্রকৌশলী (ফোনস), বিটিসিএল, পরিকল্পনা কমিশন চত্বর, শেরেবাংলা নগর, ঢাকা।
২৫. মেডিকেল অফিসার, স্বাস্থ্য কেন্দ্র/ পুলিশ ইনচার্জ, পরিকল্পনা কমিশন চত্বর, শেরেবাংলা নগর, ঢাকা।

  
(শ্যামল কুমার সিংহ)  
যুগ্মসচিব

ফোনঃ ৯১১৭৯১৪
















E-mail: dsplandivco@gmail.com

১৬/০৪/২০১৮ খ্রিঃ তারিখ পরিকল্পনা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে এনইসি ১নং কমিটি কক্ষে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকাঃ

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবী	কর্মস্থল	স্বাক্ষর
১.	স্বপন চন্দ্র দাস অতিরিক্ত সচিব	সচিবালয়	 ২৫/৪/২০১৮
২.	মোঃ জিয়া উল্লাহ আই.এস.ও.	পরিকল্পনা বিভাগ	 ২৫/৪/১৮
৩.	মোঃ মাহমুদুল আলম সি.এস.ও.	৭	 ২৫/৪/১৮
৪.	মোঃ মাহমুদুল আলম উপসচিব (সি.এস.ও.)	কচি, মাহমুদুল আলম ৩ উপসচিব (সি.এস.ও.) পরিকল্পনা বিভাগ	 16.4.2018
৫.	ড. জে. জে. কুমার দাস উপসচিব	পরিকল্পনা বিভাগ	 16.4.2018
৬.	মোঃ মোস্তাফিজ হোসেন উপসচিব	পরিকল্পনা বিভাগ	
৭.	মোঃ মোস্তাফিজ হোসেন উপসচিব	সচিবালয় বিভাগ	
৮.	কাজিমুল হক সি.এস.ও.	সি.এস.ও. অফিস বিভাগ	 ২৫/৪/১৮
৯.	মোঃ মাহমুদুল আলম উপসচিব	পরিকল্পনা বিভাগ	 ২৫/৪/১৮
১০.	মোঃ মোস্তাফিজ হোসেন সি.এস.ও.	-	 ২৫/৪/১৮
১১.	মোঃ মোস্তাফিজ হোসেন সি.এস.ও.	৭	 ২৫/৪/১৮
১২.	মোঃ মোস্তাফিজ হোসেন সি.এস.ও.	সি.এস.ও. বিভাগ	 ২৫/৪/১৮
১৩.	মোঃ মোস্তাফিজ হোসেন সি.এস.ও.	পরিকল্পনা বিভাগ	 ২৫/৪/১৮
১৪.	মোঃ মোস্তাফিজ হোসেন সি.এস.ও.	৭	 ২৫/৪/১৮
১৫.	মোঃ মোস্তাফিজ হোসেন সি.এস.ও.	৭	 ২৫/৪/১৮
১৬.	মোঃ মোস্তাফিজ হোসেন সি.এস.ও.	৭	 ২৫/৪/১৮



১৬/০৪/২০১৮ খ্রিঃ তারিখ পরিকল্পনা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে এনইসি ১নং কমিটি  
কক্ষে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকাঃ

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবী	কর্মস্থল	স্বাক্ষর
১.	শ্রীঃ সুলতানুল হক অতিরিক্ত সচিব	পরিকল্পনা বিভাগ	
২.	শ্রীঃ ইফতেখারুজ্জামান অতিরিক্ত সচিব	৮	১৬/৪/১৮
৩.	শ্রীঃ নাউদুলাত ফারুক মুখ্য সচিব (সি)	২	
৪.	শ্রীঃ আব্দুল হান্নান উপ-সচিব	৪	
৫.	শ্রীঃ ওয়াহিদুল আলম উপ-সচিব	শ্রীঃ মওদুদুল আলম বিভাগ, প-ক.	
৬.	শ্রীঃ ছায়েদুল্লাহ মন্সুর উপ-সচিব	কার্যক্রম বিভাগ প/ক	
৭.	শ্রীঃ সুলতানুল হক উপ-সচিব	SEID	
৮.	শ্রীঃ মোঃ আশরাফুল আলম উপ-সচিব	পরিকল্পনা বিভাগ	
৯.	শ্রীঃ মোঃ মাহমুদুল হক উপ-সচিব (সি.এ)	পরিকল্পনা বিভাগ	
১০.	শ্রীঃ আব্দুল হান্নান উপ-সচিব	পরিকল্পনা বিভাগ	
১১.	শ্রীঃ মুজিবুল হক উপ-সচিব	সি, ১, ৩, ১ পরিকল্পনা বিভাগ	
১২.	শ্রীঃ মোঃ জাহাঙ্গীর আলম উপ-সচিব (সি.এ)	NAPD	
১৩.	শ্রীঃ মোঃ মাহমুদুল হক উপ-সচিব	পরিকল্পনা বিভাগ	
১৪.	শ্রীঃ মোঃ আশরাফুল আলম উপ-সচিব (সি.এ)	৫	
১৫.	শ্রীঃ মোঃ মাহমুদুল হক উপ-সচিব	৫	
১৬.	শ্রীঃ মোঃ মাহমুদুল হক উপ-সচিব	৫	

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবী	কর্মস্থল	স্বাক্ষর
১৭.	শ্রী: সঞ্জয় কুমার, ডি.এস.এ. উচ্চতর ক্রয় ও বিক্রয়	SSRC, Planning Division	
১৮.	শ্রী: মোস্তাফিজ উল্লাহ, ডি.এস.এ. উচ্চতর ক্রয় ও বিক্রয়	উচ্চতর ক্রয় ও বিক্রয়	Dekal 16/4/18
১৯.	শ্রী: আবদুল মজিদ, উচ্চতর ক্রয় ও বিক্রয়	ক্রয় ও বিক্রয়	 16/4/18
২০.	শ্রী: সঞ্জয় কুমার, ডি.এস.এ. উচ্চতর ক্রয় ও বিক্রয়	ক্রয় ও বিক্রয়	 23/8/18
২১.	শ্রী: সঞ্জয় কুমার (ই.এস.এ.) উচ্চতর ক্রয় ও বিক্রয়	ক্রয় ও বিক্রয়	 15/8/18
২২.	শ্রী: সঞ্জয় কুমার উচ্চতর ক্রয় ও বিক্রয়	ক্রয় ও বিক্রয়	সঞ্জয়
২৩.	শ্রী: মোস্তাফিজ উল্লাহ উচ্চতর (ই.এস.এ.)	BIDS	
২৪.	ড. মোস্তাফিজ উল্লাহ উচ্চতর ক্রয় ও বিক্রয়	SEID স্বয়ংক্রিয় ক্রয় ও বিক্রয়	
২৫.	শ্রী: মোস্তাফিজ উল্লাহ	উচ্চতর ক্রয় ও বিক্রয়	মোস্তাফিজ
২৬.	শ্রী: মোস্তাফিজ উল্লাহ	উচ্চতর ক্রয় ও বিক্রয়	
২৭.	শ্রী: মোস্তাফিজ উল্লাহ A.O	উচ্চতর ক্রয় ও বিক্রয় - ২	
২৮.	শ্রী: মোস্তাফিজ উল্লাহ A.O	উচ্চতর ক্রয় ও বিক্রয় - ১	
২৯.	শ্রী: মোস্তাফিজ উল্লাহ A.O	উচ্চতর ক্রয় ও বিক্রয়	
৩০.	শ্রী: মোস্তাফিজ উল্লাহ A.O	উচ্চতর ক্রয় ও বিক্রয়	
৩১.	শ্রী: মোস্তাফিজ উল্লাহ উচ্চতর ক্রয় ও বিক্রয়	উচ্চতর ক্রয় ও বিক্রয়	
৩২.	শ্রী: মোস্তাফিজ উল্লাহ উচ্চতর ক্রয় ও বিক্রয়	উচ্চতর ক্রয় ও বিক্রয়	
৩৩.	শ্রী: মোস্তাফিজ উল্লাহ A.O	উচ্চতর ক্রয় ও বিক্রয়	